



কার্ড দেখিয়ে ভোট চাইছেন তারেক রহমান, আচরণবিধি লঙ্ঘন: সারজিস



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির পঞ্চগড়-১ প্রার্থী সারজিস আলম বলেছেন, বিএনপির চেয়ারম্যান তারেক রহমান কার্ড দেখিয়ে ভোট চাইছেন, যা নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন। বুধবার দুপুরে প্রতীক বরান্দার পর তিনি সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব মন্তব্য করেন।

সারজিস আলম বলেন, বিএনপি খালেদা জিয়ার শোকবার্তার নামে লিফলেট বিতরণ করছে, যা ভোট প্রলুব্ধ করার কৌশল। পাশাপাশি, গতকালের কড়াইল বস্তির অনুষ্ঠানে তারেক রহমান কার্ড দেখিয়ে প্রতিশ্রুতি দেওয়াকে অনৈতিক ও বিধিভঙ্গ হিসেবে দেখছেন তিনি।

তিনি অভিযোগ করেন, বিএনপির স্থানীয় নেতাকর্মীরা ভোটার ও ধর্মাবলম্বীদের ভয়ভীতি দেখাচ্ছে। সারজিস বলেন, “ভয়ের রাজনীতি এই বাংলাদেশে চলবে না। আমরা ভোট চাইতে পারি, কিন্তু হুমকিমূলক ভাষা গ্রহণযোগ্য নয়।”

সারজিস আরও জানান, কার্ড দিয়ে চাল, ডাল, তেল দেওয়ার প্রতিশ্রুতি যদি দেওয়া হয়, তা জনগণকে অক্ষম করার প্রচেষ্টা হিসেবে দেখা যেতে পারে। তিনি স্বচ্ছ ও নিরপেক্ষ নির্বাচনের জন্য সরকারের সহযোগিতা কামনা করেছেন।